

আত্মকথা

Association of Adoptive Parents- এর মুখপত্র



মে ২০১৭



Chairperson
Sheemantika Nag

Vice-Chair
Anup Dewanji

Secretary
Subir Banerjee

Asstt. Secretary
Sankar Naskar

Treasurer
Sanjay K. Sikdar

Member
Nilanjana Gupta
Anjan Basu Chowdhury
Achin Basu
Sharmishtha Roy
Subha Mukherjee
Satabdi Das
Nilanjana Dasgupta
Debashish Roy
Prabhat Kumar Chattopadhyay

atmakatha

Editor
Goutam Gupta

Editorial Board
Swapan Naskar
Satabdi Das
Anup Drwanji
Sanjay K. Sikdar

General Secretary Reports

Subir Banerjee
Atmaja, now in its late teens ,has grown in stature in terms of contribution to the society in the field of adoption by way of consultation, advice and guidance But somehow the activities like counseling and seminars have come to a trickle but our members do share their expertise and knowledge with the citizens on platforms like radio, television and panel discussions on many occasions round the year. The television channels and radio stations including Doordarshan, approach our members for participation as experts in their talk shows on adoptions related topics and in the last one year Nilanjana Gupta, Sheemantika Nag and Swapan Naskar took part in the various programmes that were aired. It is heartening to know that about 2000 visitors , including many from foreign countries had visited Atmaja website in the past one year. We are working towards updating and upgrading our website to be functionally beneficial to all.

As usual there were get togethers on account of Bijoya Sammilani on 27th November 2016 at Dr Roys' residence in Ballygunj and Annual picnic at K D Mullick Bagan Bari in Narendrapur on 8th January 2017

Last but not the least, on behalf of Atmaja members, I congratulate Gautam Gupta for his endeavour to publish Atmakatha in coloured and bound format for the last three issues starting January 2016. His suggestion to switch to e-format from the May-June issue of 2017, due to operational and technical reasons, was agreed to by the Executive Committee after deliberations. We all must contribute more towards making our e- magazine worthwhile and forward matters which are very much relevant in today's perspective in the field of adoption. I would like to emphasize that younger members need to come forward and volunteer to take up responsibilities in the organization so that Atmaja continue to live up to its reputation as a leading light on adoption related matters.

A MEMORABLE JOURNEY --- VISIT TO KASHMIR

--AHANA BASU

Last year in the month of October 2016. I, along with my parents and grandma undertook a journey to Kashmir, the Earthly Paradise of India. From Howrah station we got on to a train at 7.10 in the evening.

The train journey was enjoyed. We went to Amritsar and paid a visit to the Golden Temple which was a long – cherished desire. After visiting the Golden Temple we went to “Jilianwala – Bagh” where the massacre of 1919 took place. When we were visiting the Martyrs' Well where many men, women and children were shot dead by the British Army, my heart was got heavy with sorrow. After that we went to visit the India – Pakistan border commonly known as “Wagha Border”. We had a long desire to see the border personally and our desire was fulfilled. The Pakistani soldiers and the Indian soldiers were guarding their respective borders. On the gate of the border the national flags of India and Pakistan were flapping in the wind. At 5.00 in the afternoon the Pakistani and Indian soldiers saluted the national flags just before bringing down their flags. It was worth seeing.

The next day we trekked to Katra to visit the Temple of Vaishnodevi. It was a tiresome walk uphill and downhill. We visited the temple at 4 a.m. and got back with a joy in our heart.

The next day we started for Pahalgam. Our bus resumed its journey after some religious rituals like cracking a coconut and burning the joss sticks. It was a thrilling bus journey, the natural beauty, the blue sky above, the beautiful

hills below , the
waterfalls with a lilting and melodious sound, a river was also
flowing by and there
were plenty of plains with eye – soothing greenery and flowers of
various hues. Our
bus arrived at Pahalgam which is a beautiful place full of natural
beauty . We had a
day's stay there at a hotel which was on the bank of the river Leader.

The next day we arrived at “ Srinagar “ the capital of
Kashmir. It was a
beautiful town with many gardens. The men, women and children of
Kashmir were
good looking and courteous. At Srinagar (Lake city) we stayed 6
days in a houseboat
on the Dal Lake. Srinagar's main attraction is the charm of
staying in a houseboat.
The houseboat was royally decorated and bewitching . . The beauty
of the Dal lake
was exquisite. We had a thrilling shikaraboat journey on the lake. We
went to the
island in the middle of the lake named charchinar. It was an island
having four tall
chinar trees beautifying the island. We enjoyed sightseeing at
gulmarg, sonamarg,
Mughal Gardens (Shalimar, Nishat Bagh, Chasmashahi), Hazratbal
Mosque etc.

After a stay of 6 days in Kashmir we had to leave the earthly
paradise with a
heavy heart . When I bade good bye to Kashmir, The visit to
Kashmir will never
be forgotten. It will remain in my memory in years to come.

-----X-----

AHANA BASU, KALYANI.

উত্তরবঙ্গে কয়েকদিন ঋতায়ন চট্টোপাধ্যায়

গত ১২.১২.১৬ তারিখে আমাদের নাটকের দলের (বিডন স্ট্রিট শুভম) সোনারপুর বই মেলায় আমন্ত্রিত শো ছিল। শো শেষ হল রাত ৯টায়। সেদিন রাত ১০ টার সময় শিয়ালদহে আমার দার্জিলিং মেল ধরবার ছিল। শো শেষ হবার পর বাবা আমাকে লোকাল ট্রেনে করে শিয়ালদহ স্টেশনে নিয়ে গেলেন। সেখানে গিয়ে দৌড়ে শেষ মুহুর্তে দার্জিলিং মেলের কামরায় উঠলাম। দিদি ও মা আগেই উঠে গেছিলেন। দুজনেই আমাকে দেখে নিশ্চিন্ত হলেন। ঠিক সেই সময়ই ট্রেন ছেড়ে দিল। বাবার ট্রেন অন্য দিন ছিল, তাই বাবা আর ট্রেনে উঠলেন না। সেদিন শো এর পর আমার মেক আপ তোলা হয় নি। তাই ট্রেনের বেসিনেই মেক আপ তুললাম। পরের দিন সকাল বেলা আমরা NJP স্টেশনে পৌঁছে গেলাম। সেখান থেকে অটো করে আমরা ছোটো দাদুর (মায়ের কাকা) বাড়ি গেলাম। ওখানে সবাই আমাকে আদর করলেন। ছোটোদিদা আমাকে অনেক খাবার বানিয়ে খাওয়ালেন। ওখানে কদিন থাকা হল। তারপর বাবা আসার পর আমরা ডুয়ার্সে ঘুরতে গেলাম। ওখানে আমরা একটা সুন্দর রিসর্টে উঠলাম। তারপর ওখান থেকে আমরা ঘুরতে গেলাম রামসাহীতে। সেখানে একটি ওয়াচ টাওয়ার আছে। ওখান থেকে আমরা একটি নদীতে বাইসনকে জল খেতে দেখলাম, ময়ূর, বিভিন্ন রকমের পাখি ও হাতি দেখলাম। সেদিন বিকেলবেলা আমরা আবার রিসর্টে ফিরে এলাম। পরের দিন ভোরবেলা আমরা একটি জিপে করে গরুমারা ন্যাশানাল পার্কে বেড়াতে গেলাম। সেখানে বাইসন, ময়ূর, বুনোশুয়ার, বিভিন্ন রকমের পাখি দেখলাম। তারপর সকালবেলা আমরা ওখান থেকে ফিরে এলাম। দুপুরবেলা আমরা একটি গাড়ি করে সুনতালে খোলা বেড়াতে গেলাম। তারপর ওখান থেকে আমরা রক গার্ডেনে বেড়াতে গেলাম। ওখানে একটি নদী ছিল। সেখানে নেমে আমরা ছবি তুললাম। তারপর আবার আমরা ছোটো দাদুর বাড়ি ফিরে এলাম। ওরা আমাদের খুব আদরযত্ন করলেন। তারপর আমরা একটা অটো করে NJP স্টেশনে গেলাম। ওখানে দার্জিলিং মেলে উঠলাম। পরদিন সকালে শিয়ালদহ স্টেশনে নামলাম কিন্তু উত্তরবঙ্গের সেই প্রাকৃতিক পরিবেশে আমার মনটা পড়ে রইল।

The Labour

Sahana Krishnamurthy

Shalini was very nervous and anxious as it was the "D" day of her life. She was going to see the child she had dreamed of all these months. She could recall the moments when she cried with pain, when she got excited like a little girl at the thought of playing toys, when she would just wait silently for the moment to cherish a Sunday dessert.

The long wait was finally getting over today. She knew it was not an easy challenge, yet she knew this is the best choice. She often told her friends that she is expecting. Her friends would shrug "where?? I don't see your baby bump". She would giggle and say "surprise". Only Shalini knew there will be many around her nest who are the predators. They could gobble her eggs of hope anytime and her aspirations will go unattended. She had protected her belief and waited for longer than nine months.

The nanny came along with a little bundle of joy in her arms. The chirping tiny charm was dressed in yellow, with a red rose embroidery on her dress. She had black eyes and murky brown hairs. She was dusky in color and her smile was like cascade. The moment Shalini saw the little girl she called out "that's my girl." She had the brightest smile on her face and uncontrollable gush of tears. She named her "Pari".

After a couple of days she threw a celebration for welcoming her Pari. She had got everything arranged from chai/sharbat, snacks, sweets and savories. Everything was set, and so was she; to say those few words which she had carved in her mind from countless days of waiting. Her guests started arriving at the said time. Shalini, along with her family and few best friends were busy welcoming each other and exchanging words of happiness.

So the moment had come to introduce Pari to the guests. Shalini brought her little girl in a stroller, people couldn't blink their eyelids for a couple of seconds. One aged lady gasped "She looks almost an year old! You adopted?? But you said you were pregnant!?". People had quizzical expressions on their face. It was Shalini's turn to say.

" Yes. I said I was pregnant. I was pregnant with the thoughts of upbringing a baby who is not born from me. I was pregnant with the imagination of my heart child giggle and run to embrace me. I was pregnant with the seeds of belief to see this day and call my girl "Pari"; who brings me immense joy and a feeling of completeness. Not just that I was pregnant, I was in labor too. The labor of long wait, the labor of uncertainty, the labor of anxiety if it will ever happen. I had spent eleven months waiting for that one call which would bring me closer to this day. Yes I was pregnant and was in labor pain from the day I decided to bring my child home. So here I am; completing my pregnancy term and out of my labor pain starting the journey of my motherhood beyond the umbilical chord. A mother of this little girl born from my heart; Pari."

আগামী পৃথিবী ! আমি বাঁচতে চাই !

(পৃথিবীর সেই সব অগুপ্তি মানুষ যারা মানবাধিকারের জন্যে পরিবেশের জন্যে প্রাণ দিয়েছেন এবং আজো সংগ্রাম করে চলেছেন প্রতিমুহূর্তে তাঁদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে পরিবেশের বিপদ নিয়ে একটি প্রতিবেদন)

প্রতিবেদক - স্বপন নস্কর

পরিচালক শ্রী গৌতম ঘোষ তাঁর "শূন্য অংক" সিনেমাতে প্রশ্নটা রেখেছিলেন এইভাবে - আজ উড়িষ্যা বা ছত্তিসগড়ের জঙ্গলে বক্সাইটের সন্ধান পাওয়া গেছে বলে রাষ্ট্র তার সর্ব শক্তি প্রয়োগ করে তৎপরতা দেখাচ্ছে। এমন কি তার জন্যে চাকরীর টোপ দিয়ে এখানকার আদিবাসীদের তাদের জঙ্গল নির্ভর জীবন যাপন থেকে উৎখাত করেও কারখানা নির্মাণ করতে চলেছে ! সেই একই তৎপরতা আমরা কি দেখতে পাবো যদি কাল হিন্দুস্তান প্লেস বা ডোভার লেনের নীচে কোন খনিজের সন্ধান পাওয়া যায় ? প্রশ্নটা সহজ - উত্তর হয়তো আরো সহজ কিন্তু আমরা কোনদিন সেই উত্তর খুঁজে পাবোনা কারণ সমুদ্রে সাঁতার কাটতে কাটতে আজ আমরা পার থেকে এতটাই দূরে চলে এসেছি যে ফিরে যাবার কথা হয়ত আর কোনদিন স্বপ্নেও ভাবা যাবেনা। সামনের দিকেই আমাদের সাঁতার কেটে এগিয়ে যাওয়া ছাড়া আজ আর কোন উপায় নেই। তবু মনের কোন এককোণে আশা জেগে আছে , পৃথিবীর এই নষ্ট সময়ে কোন কোন মানুষের মনে হয়ত এখনো জেগে আছে বিশ্বাস - এখনো নিশ্বাসে ফুলের গন্ধ রয়েছে গেছে , এখনো জেগে আছে প্রাণ - এখনো সময় আছে বন্ধু। আর এই বিশ্বাস , এই প্রত্যয় থেকেই আজকের এই আলোচনা শুরু করতে চাই। কারণটা সেই একই - আমিও বাঁচতে চাই আর নিঃশ্বাস নিতে চাই একটা সুন্দর স্বচ্ছ পৃথিবীতে।

হয়ত এই নিবন্ধের সঙ্গে প্রত্যক্ষ সম্পর্ক নেই তবু যে মানুষটির লেখা পড়ে এই প্রতিবেদনটি রচনার কথা মনে জন্ম নিয়েছিলো তাঁর সেই লেখা থেকে কিছু অংশ এখানে তুলে দিচ্ছি , কারণ এই লেখাটি না পড়লে আমার হয়ত কোনদিন এই বিষয়ে প্রতিবেদনের কথা মাথায় আসতোনা।

"আদিবাসী মানুষের জীবন আবর্তিত হয় মূলতঃ জঙ্গলকে কেন্দ্র করে । জঙ্গলে সে পায় মাংস মধু জ্বালানি ফলমূল আর নিরাপত্তা । আদিবাসীর কাছে জঙ্গল না থাকা আর মাছের নাগালে জল না থাকা প্রায় এক সমান । আদিবাসীরা আমাদের মত চাষাবাদ জানেনা । জুম পদ্ধতিতে বীজ ছিটিয়ে সামান্য মাত্র ফসল উৎপন্ন করতে পারে । তাই তাদের বেঁচেবর্তে থাকার প্রধান উপকরণ বনজ সম্পদ । যখন গোটা দণ্ডকারণ্য জুড়ে রিকিউজিদের পুনর্বাসন পরিকল্পনা গ্রহন করা হয় - সর্বপ্রথম হাত পড়ে সেই জঙ্গলে । নির্বিচারে জঙ্গল ধ্বংস করে হাসিল করা হয় চাষের জন্য জমি । এই কারণে আগত বাঙালিদের উপর তাদের রাগ হওয়া স্বাভাবিক । এরপর যখন রিকিউজি ভিলেজ পত্তন হয় - তাদের প্রায় প্রত্যেক গ্রামে গড়ে ওঠে একটা দুটো করাত দল । যারা জঙ্গল থেকে শাল সেগুন গাছ কেটে বানাতে থাকে গৃহ শোভার নানাবিধ আসবাব - খাট পালঙ্ক চেয়ার টেবিল । আদিবাসীর এসব কোন দরকার পড়েনা । তারা খুব বেশি হলে ঘর দুয়ার বানাবার জন্য এক আধটা গাছ কাটতে পারে । আর তা কাটলে সাথে সাথে আর একটা রোপণও করে । বাঙালীর সে দায় নেই । তারা নিজেদের প্রয়োজনে যা দরকার তা তো নেয় আবার সেই সব আসবাব চোরাই পথে কাঁকের ভানুপ্রতাপপুর সম্বল পুর নানা জায়গায় পাঁচারও করতে থাকে । এতে সহযোগ থাকে এক শ্রেণির ফরেস্ট বিভাগের কর্মচারীরা । এতেও আদিবাসীরা বাঙালিদের উপর ক্ষুব্ধ হতে থাকে । আবার আর একটা জিনিস শুরু করে বাঙালী রিকিউজিরা । প্রথম যখন এখানে রিকিউজি আনয়ন শুরু হয় তাদের ছয় একর করে জমি দেওয়া হয়ে ছিল । পরে তা কমিয়ে চার একর করা হয় । যতদিন যেতে থাকে সেই পরিবারের সদস্য সংখ্যা বাড়তে থাকে তাদের জমির খিঁদে বেড়ে যায় । তখন তারা ঝাঁপিয়ে পড়তে থাকে কুড়ুল নিয়ে জঙ্গলের উপর । বন কেটে সাফ করে- যা জমি সে সরকারের কাছ থেকে পেয়েছে তার চেয়ে চার পাঁচ দশ গুন বেশি কন্ডা করে নেয় । এখানে নিয়ম আছে কেউ জঙ্গল কাটলে তাকে ফরেস্ট বিভাগ ধরে কোর্টে নিয়ে যাবে । তখন কোর্ট থেকে কিছু জরিমানা ধার্য করে । সেই এক দু হাজার ধার্য জরিমানা মিটিয়ে দিলে কোর্টের কাগজের জোরে সে সেই জমির মালিক হয়ে যায় । বিক্রি করতে পারে না তবে চাষ করে ফসল তোলার অধিকার তার সুরক্ষিত থাকে । ফলে বাঙালী কোথায় কোন ফাকা জমির সন্ধান পেলে আর দেরী করে না দখল নিতে ঝাঁপিয়ে পড়ে । এই ভাবে জঙ্গল শেষ হতে থাকে , আর আদিবাসী জীবনে অভাব অনটন আসতে থাকে ভুগতে থাকে নিরাপত্তাহীনতায় । মনের মধ্যে বাঙালী বিদ্বেষ বাড়তে থাকে । আমরা মাঝে মাঝে বলে থাকি যে বাংলার চাইতে দন্ডকারনের রিকিউজিরা খুব ভালো আছে । এই ভালো থাকার কারণ যদি অনুসন্ধান করি তাহলে দেখতে পাই তারা ভালো থাকার জন্য অনেক মানুষকে খুব খারাপ থাকতে হয় ।" (শ্রী মনোরঞ্জন ব্যাপারী , কবি , সাহিত্যিক ও মানবাধিকার কর্মী)

Deforestation বা জঙ্গল কেটে বসতি বানানো , চাষআবাদের জন্যে জঙ্গল কেটে ফেলা , শিল্পের প্রয়োজনে গাছ কেটে কাঠ সংগ্রহ করে দূরে দূরে পাঠানো শুরু হয়েছে সেই ঔপনিবেশিক যুগ থেকেই। এবং প্রকৃতির মধ্যে থেকে স্বাভাবিকভাবে তাকে বাঁচিয়ে রেখে ব্যবহার করা মানুষ আজ প্রায় ভুলেই গেছে শিল্পের তাগিদে , অত্যন্ত দ্রুত উন্নতি আনতে চেয়ে। খুব স্বাভাবিক কারনেই এই অপচয় এবং অন্ধ উন্নতির ফলে পরিবেশের ভারসাম্য হয়েছে নষ্ট । পৃথিবীর আকাশ , বাতাস হয়েছে বিষাক্ত। ক্রমশঃ উত্তপ্ত হয়ে উঠেছে আমাদের এই পৃথিবী। আর এই সঙ্গে পাল্লা দিয়ে বেড়ে চলেছে পৃথিবীর জনসংখ্যা। এই ক্রমবর্ধমান পৃথিবীর নাগরিকদের জন্যে আর কতটুকু বাতাস থাকবে নিশ্বাস নেওয়ার সেই সন্দেহ দেখা দিয়েছে বিজ্ঞানীদের মনে। এই সন্দেহ কি অমূলক ? যেভাবে আমরা গাছ কেটে চলেছি আর যথেষ্ট ব্যবহার করে চলেছি ফসিল ফুয়েলের তাতে কোন সন্দেহ নেই এই পৃথিবী তার সবুজ রং হারিয়ে ক্রমশঃ শরীরে ধারণ করে চলেছে বিষাক্ত নীল রং। আর সম্ভবত এই আশঙ্কার কথা আমাদের প্রথম জানালেন বিজ্ঞানী জেমস হ্যানসেন আশির দশকের শেষ দিকে। মেরু অঞ্চলের বরফ গলে যাওয়ার এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতার ক্রমশ বেড়ে ওঠার কথা জানিয়ে তিনি বলেন এরজন্যে প্রধান কারণ আমাদের ফসিল ফুয়েলের অনিয়ন্ত্রিত ব্যবহার এবং সেই কারনে পৃথিবীর তাপমাত্রার ক্রমশ বৃদ্ধি। এবং এই বৃদ্ধি যে কতটা ভয়ঙ্কর হয়ে উঠতে চলেছে সেটা বোঝাতে গিয়ে তিনি কয়লা দিয়ে চালানো ট্রেনকে নাম দিলেন "Death Train"।

"The energy system and the tax system have got to be simplified in a way that everybody understands and doesn't allow the wealthy few to completely rig the system," তাঁর এই বিখ্যাত উক্তিটি আমেরিকাতে বিজ্ঞান এবং রাজনৈতিক মহলে এখন বহু আলোচিত এবং এই প্রসঙ্গে আমরা পরে আরো বিশদে আলোচনা করব।

শ্রী মনোরঞ্জন ব্যাপারীর তুলে ধরা যে ছবিটি আমরা প্রথমে দেখলাম তা কিন্তু শুধু এই দেশ বা এই রাজ্যের মধ্যে সীমাবদ্ধ একটি ঘটনা নয়। আমাদের দেশের তো বটেই পৃথিবীর অন্যান্য দেশে এমনকি সবথেকে উন্নত এবং সুসভ্য দেশগুলির ছবিও কিন্তু খুব বেশি আলাদা নয়। সমস্ত দেশেই বিজ্ঞানীরা আবিষ্কার করেন আর দেশের শাসক বা রাজনীতির নিয়ামকেরা সেই আবিষ্কারকে ব্যবহার করেন নিজস্ব স্বার্থ চরিতার্থ করবার উদ্দেশ্যে। আর এই কারনেই মানবাধিকার আন্দোলনের বিপক্ষে থাকেন প্রায় সমস্ত রাষ্ট্রের কর্ণধারেরা।

ছোটবেলা থেকেই আমরা জেনে এসেছি প্রকৃতির মধ্যে একমাত্র মানুষই জানে যে প্রকৃতিকে বাঁচিয়ে রেখেই তাকে বেচে থাকতে হবে। যে হরিণ পরের বছর বাচ্চা দেবে তাকে একটা বাঘ সামনে পেলে ছেড়ে দেবেনা কিন্তু শিকারি মানুষ তাকে বাঁচিয়ে রাখে। অর্থাৎ যে সভ্যতায় প্রকৃতিকে অপচয় না করে এবং প্রতিমুহুর্তে তাকে ভবিষ্যতের জন্যে সঞ্চয় করতে করতে এগোতে থাকে সেই সভ্যতাই বেঁচে থাকার সভ্যতা। আর প্রকৃতিকে কোন ভাবনা চিন্তা না করে তাকে খরচ করে ফেলে যে সভ্যতা সেটা হল ধ্বংসের পথ।

একটা খুব সত্যি কথা হল - যে কোন স্থানের আদিবাসী যারা তারা কিন্তু এটা তাদের সহজাত অভ্যাসে বুঝে ফেলেন। যে কারনে জঙ্গলের সাঁওতালরা জঙ্গল থেকেই আহরণ করেন তাঁদের বেঁচে থাকার রসদ। আবার সেই জঙ্গলকে বাঁচিয়ে রাখার প্রয়াস তাদের চলে নিরন্তর। এই জঙ্গল কেটে যখন কারখানা হয় তখন এই সব আদিবাসীরা হয়ে পড়েন বিপন্ন। এই ভাবনা থেকেই যখন তিন ফসলা জমিতে টাটার কারখানা তৈরির কথা হয় আমরা তার বিরোধী ছিলাম।

সাস্টেনেবল ডেভেলপমেন্ট প্রোগ্রাম ছাড়া প্রকৃতি বাঁচেনা। প্রকৃতি ছাড়া মানুষ বাঁচেনা। মানুষকে ছাড়া সভ্যতা বাঁচেনা। জনপদ বাঁচেনা।

এইভাবেই নর্মদা সরোবর প্রকল্প , ছত্তিশগড়ে ম্যাঙ্গানিজ উত্তোলন , ঝাড়খণ্ডে ইউরেনিয়াম খনি , সুন্দরবনে ম্যানগ্রোভ জঙ্গল কেটে বসতি বানানো থেকে শুরু করে আমাদের এই কোলকাতায় ই এম বাইপাসে জলাশয়

যাকে আমরা কোলকাতার ফুসফুস বলে জানতাম সেটা বুজিয়ে হাই রাইজ বিল্ডিং অথবা এই মুহূর্তে পাশের দেশ বাংলাদেশের সুন্দরবনে বিদ্যুৎ প্রকল্পের প্রস্তাবকে যখনই মানবাধিকার কর্মীরা বিরোধিতা করেন তখনই যে যুক্তি গুলো দেখানো হয় তা হল এই রকম (এমনকি আমাদের দেশের প্রগতিশীল বামপন্থীদের একটা বড়ো অংশও এই যুক্তি দেখিয়ে থাকেন) -

- ১) Displacement due to civilization অথবা Collateral Damage একটি উন্নয়নশীল দেশের জন্যে অবশ্যজ্ঞাবী। এবং এছাড়া অন্য কোন উপায় নেই উন্নতির পথে হেঁটে যেতে চাইলে।
- ২) গ্লোবাল ওয়ারমিং একটি মিথ্য। তার পক্ষে যেমন যুক্তি আছে আবার বিপরীতও যুক্তি আছে। গ্রীন হাউস এফেক্টের জন্যে গ্লোবাল ওয়ারমিং এড়ানোর কোন উপায় নেই।
- ৩) কियोটা কনভেনশন অনুযায়ী ১৯৯০ সালে বাতাসে কার্বনের উপস্থিতি হল মানদণ্ড। যেখান থেকে প্রত্যেক দেশকে ৫% কমিয়ে ফেলতে হবে। যে সমস্ত দেশের তালিকা তৈরি করা হয়েছে তাতে ভারতবর্ষ তথা তৃতীয় বিশ্বের প্রায় সমস্ত দেশই এই মাত্রার নীচে আছে। অতএব ভারতবর্ষকে উন্নয়নকে প্রাধান্য দিতে হবে এই মুহূর্তে। পরিবেশকে নয়।
- ৪) বিশ্বের উন্নত দেশগুলির মধ্যে কিছু ইউরোপীয় দেশ ছাড়া আর কেউ এই কনভেনশনকে মানেনা। আমেরিকা কোনভাবেই এই চুক্তির আওতায় আসতে চায়না। অতএব এই চুক্তির ফলে পিছিয়ে পড়া দেশগুলি আরো পিছিয়ে পড়বে এবং উন্নত দেশগুলি কোনভাবেই তাদের রথের চাকা থামাবেনা।

এই প্রশ্নগুলি নিয়ে বিস্তারিত আলোচনায় আমরা পরে আসব। তার আগে বিশ্বের মানচিত্রে পরিবেশ নিয়ে সবথেকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ "কিয়োটো কনভেনশন" এবং "কিয়োটো প্রোটোকল" নিয়ে কয়েকটি কথা বলে নিতে চাই। ১৯৯২ সালে রাষ্ট্রপুঞ্জ প্রথম আবহাওয়ার পরিবর্তন এবং গ্লোবাল ওয়ারমিং নিয়ে একটি পরিকল্পনার রূপরেখা তৈরি করে। এবং ১৯৯৭ সালে জাপানের কিয়োটোতে এটি প্রস্তাব হিসাবে গৃহীত হয়। এই প্রস্তাবের মূলসূত্র হ'ল ১) গ্লোবাল ওয়ারমিং একটি বাস্তব বিপদ এই পৃথিবীর এবং ২) মানুষের তৈরি সভ্যতার কারনেই উৎপন্ন কার্বন ডাই অক্সাইড নির্গমন এর প্রধান কারণ (গ্রীন হাউস এফেক্ট)। এই প্রস্তাবটি কার্যকর হয় ২০০৫ সালের ১৬ই ফেব্রুয়ারি। এই মুহূর্তে বিশ্বের ১৯২ টি দেশ এই চুক্তির অন্তর্ভুক্ত। চুক্তি অনুযায়ী প্রতিটি দেশের মানদণ্ড হিসাবে ১৯৯০ সালে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ নির্ধারিত হয় এবং প্রত্যেক দেশকে এই মানাঙ্ক থেকে ৫% কমিয়ে আনার পরিকল্পনা নিতে হবে। এই জন্যে ২০০৮ থেকে ২০১২ সাল সময়কে ধরা হয় প্রথম কমিটমেন্ট পিরিয়ড। ২০১২ সালে দ্বিতীয় কমিটমেন্ট পিরিয়ড নেওয়ার আগে কানাডা এই চুক্তি থেকে বেরিয়ে যায়। এই দ্বিতীয় কমিটমেন্টটি কিয়োটো চুক্তিটির "দোহা" সংশোধন হিসাবে চিহ্নিত। এই নতুন সংশোধনের ফলে ৩৭টি দেশের জন্যে বাধ্যতা মূলক লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়। এরা হলেন অস্ট্রেলিয়া , ইউরোপের ২৮ টি সদস্য দেশ , বেলারুশ , আইসল্যান্ড , কাজাখিস্তান , উক্রেইন , নরওয়ে , সুইজারল্যান্ড প্রমুখ। এর মধ্যে বেলারুশ , কাজাখিস্তান এবং উক্রেইন ইতিমধ্যে জানিয়ে দিয়েছে যে তারা এই চুক্তি থেকে বেরিয়ে আসতে পারে অথবা এই চুক্তিটির লক্ষ্যমাত্রার জন্যে কোন আইনি ব্যবস্থা গ্রহণ করবেনা। জাপান , নিউজিল্যান্ড এবং রাশিয়া যদিও কিয়োটো চুক্তির প্রথম পরিকল্পনায় অংশগ্রহণ করেছিলো কিন্তু তারা দ্বিতীয় পরিকল্পনায় অংশগ্রহণ করেনি। এছাড়া দ্বিতীয় পরিকল্পনার বাইরে রয়ে গেছেন কানাডা এবং ইউ এস এ। উল্লেখযোগ্য যে আমেরিকা বা ইউ এস এ কোনদিনই এই চুক্তিটিকে মান্যতা দেয়নি। এই দ্বিতীয় পরিকল্পনার সময় সীমা শেষ হবে ২০২০ সালে এবং ২০১৬'র জুলাই মাস অবধি ৬৬ টি দেশ এই পরিকল্পনায় অংশগ্রহণ করেছে কিন্তু প্রয়োজন মোট ১৪৪ টি দেশের সক্রিয় অংশগ্রহণ। যে ৩৭টি দেশের জন্যে বাধ্যতামূলক লক্ষ্যমাত্রার কথা বলা হ'ল তার মধ্যে মাত্র ৭ টি দেশ এই চুক্তিটির দ্বিতীয় পরিকল্পনাকে মান্যতা দিয়েছে। এই বিষয়ে প্রচুর বাদ বিতণ্ডার চলে রাষ্ট্রপুঞ্জে এবং তারই ফলশ্রুতি ২০১৫ সালের প্যারিস চুক্তি। এই চুক্তিটি আদতে প্রথম কিয়োটো চুক্তিরই একটি সংশোধন এবং দোহা সংশোধন থেকে সম্পূর্ণ পৃথক।

উপরের এই আলোচনায় একটি বিষয় খুব স্পষ্ট যে শুধু আমাদের এই ভারতবর্ষে নয় পরিবেশ নিয়ে প্রশাসনিক স্তরে এবং রাজনৈতিক ক্ষমতাসালী মহলের এই উদাসীনতা সারা বিশ্বের একটি অসুখ। এবং সচেতন বিজ্ঞানীদের মত অনুযায়ী আমাদের পৃথিবী এই মুহূর্তে একটি বিপদজনক রেখার একদম ধার ঘেঁসে প্রতীক্ষায় দাঁড়িয়ে রয়েছে এবং যে কোন মুহূর্তে বিপর্যয় এসে পড়তে পারে। আমরা এই আলোচনায় পরে ফিরে আসবো। এর আগে আমাদের দেশের পরিস্থিতি অনুযায়ী যে চারটি পরিবেশ বিরোধী সূর শুনতে পাই তার বিস্তৃত আলোচনা করা প্রয়োজন। এই প্রসঙ্গে প্রশ্ন রেখেছিলাম আমাদের দেশের একজন রসায়নবিদ ডঃ সিদ্ধার্থ দাশগুপ্তের কাছে। ডঃ দাশগুপ্ত , পি এইচ

ডি (রসায়ন) বর্তমানে ম্যানেজিং ডাইরেক্টর , এন এস এফ সেন্টার ফর কেমিকাল ইনোভেশন ,
প্যাসাডেনা , আমেরিকা। আমি উপরের চারটি প্রশ্নের প্রতিটির যে উত্তর পেয়েছি ওনার কাছ থেকে তা এখানে
তুলে ধরলাম -

১) Displacement due to civilization অথবা Collateral Damage একটি উল্লয়নশীল দেশের জন্যে অবশ্যম্ভাবী। এবং এছাড়া অন্য কোন উপায়
নেই উল্লতির পথে হেঁটে যেতে চাইলে।

উত্তর -

আমার মনে হয় বেশিরভাগ মানুষ বুঝতে পেরেছেন যে সাস্টেনেবল ডেভেলপমেন্ট হ'ল আমাদের এই বিপন্ন
পরিবেশের একমাত্র উত্তর। কিন্তু সবাই এটা বোঝেননি। অনেকেই আছেন বিশেষ করে আমেরিকার দক্ষিণ পশ্চিম
একটি বৃহৎ অংশ এবং ইউরোপের বেশ কিছু মানুষ যারা ক্রমশ সংখ্যায় বেড়ে চলেছেন (দুঃখজনক কিন্তু
এটাই সত্যি) যারা মনে করেন প্রাকৃতিক সম্পদ বিশেষ করে জীবাত্ম জ্বালানীর যথেষ্ট ব্যবহার তাদের
অধিকারের মধ্যে পড়ে। কিন্তু বেশিরভাগ প্রকৃত শিক্ষিত মানুষ যারা বাম অথবা মধ্যপন্থী অন্যরকমভাবে
ভাবতে শুরু করেছেন। এই পৃথিবীর বর্তমান জনসংখ্যা ৭.৪ বিলিয়ন। রাষ্ট্রপুঞ্জের হিসাব অনুযায়ী এই
শতাব্দীর মধ্যেই এই সংখ্যা হয়ে যাবে ১১.২ বিলিয়ন অর্থাৎ প্রায় দেড়গুণ। এখন প্রশ্ন হ'ল কিভাবে এই বিপুল
জনপদকে সামলানো যাবে এই পৃথিবীর প্রাকৃতিক সম্পদ এবং পরিবেশ ধ্বংস না করে। বর্তমান হারে যদি
দেখা যায় তবে আগামী ২৫ বছরে জনসংখ্যা এইভাবে বাড়তে থাকবে -

১৮০৪-১ বিলিয়ন

১৯২৭- ২ বিলিয়ন

১৯৬০-৩ বিলিয়ন

১৯৭৪- ৪ বিলিয়ন

১৯৮৭- ৫ বিলিয়ন

১৯৯৯- ৬ বিলিয়ন

২০১১- ৭ বিলিয়ন

২০২৪- ৮ বিলিয়ন

২০৪২- ৯ বিলিয়ন

কিন্তু এই অন্ধকারের মধ্যেই আলো জ্বলে ওঠে যখন ১৯০৫ সালে অ্যামোনিয়া তৈরির নতুন "হ্যাবার -বশ"
পদ্ধতি আমাদের সামনে আসে। এই অ্যামোনিয়া কৃষির জন্য সবথেকে গুরুত্বপূর্ণ একটি উপাদান এবং এর
আগে অবধি আমরা অ্যামোনিয়া পেতে পারতাম শুধুই খনি থেকে তোলা নাইটার বা পটাশিয়াম নাইট্রেট
(KNO₃) থেকে। কিন্তু ক্রমবর্ধমান জনসংখ্যার পরিপ্রেক্ষিতে পৃথিবীর ভান্ডারে সঞ্চিত নাইটারের রিজার্ভ কতদিন
কৃষির চাহিদা মেটাতে পারবে তা নিয়ে সন্দেহের অবকাশ আছে। এইজন্যেই পদার্থবিদ্যায় ব্যাপক আপেক্ষিকতা
বাদের আবিষ্কারকে যদি বাদ রাখি তাহলে মানবসভ্যতায় বিংশ শতাব্দীর সবথেকে গুরুত্বপূর্ণ আবিষ্কার হ'ল
এই "হ্যাবার-বশ" পদ্ধতি যার ফলে বাতাসে মিশে থাকা নাইট্রোজেনের ভান্ডার থেকেই আমরা অ্যামোনিয়া
তৈরির খোঁজ পেলাম এবং কৃত্রিম উপায়ে সার তৈরি করতে সক্ষম হলাম যা নাকি শুধু পৃথিবীর এখনকার
প্রয়োজন মেটালোনা, এর সাথে সাথেই কৃষিতে নিয়ে এলো শ্রুত ও সবুজ বিপ্লব। আমরা জানিনা আমরা
আরো একটি এরকম উজ্জ্বল আবিষ্কারের আলো পেয়ে যাবো কিনা এখন থেকে ২১০০ সালের মধ্যে যাতে
আমাদের এই ক্রমবর্ধমান জনসংখ্যার চাপ সামলাতে পারি। তবে আশার কথা যে আমরা আনবিক জনন
তত্ত্বের কথা শুনতে পারছি যাতে আমাদের প্রোটিনের চাহিদা আমরা হয়ত ল্যাবোরেটোরিতে কৃত্রিম উপায়ে তৈরি

করে মিটিয়ে ফেলতে পারবো এই গ্রহের প্রাকৃতিক সম্পদ এবং তার পশু পাখীদের হত্যা না করেই। পরিবেশের ভারসাম্য রক্ষার জন্যে যা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে।


কিন্তু সন্দেহের কোন অবকাশ নেই যে পৃথিবী নামে এই গ্রহ এবং তার অসীম প্রাকৃতিক সম্পদের উপর মানুষ নামে এই দ্বিপদ প্রাণীর নির্ভরতা থেকেই যাবে আগামী বহু যুগ ধরে। আর একথা মনে রেখেই আমরা দেখতে পাচ্ছি মানুষের মনে একটা আশঙ্কার জন্ম হচ্ছে - আমাদের এই পৃথিবীর জমি কি যথেষ্ট আমাদের প্রয়োজন মেটাবার জন্যে - আজ ? কাল ? পরশু ? অথবা আজ থেকে অনেক অনেক দিন পরেও ? ইতিমধ্যেই আমরা দেখতে পাচ্ছি চীন তার জনগণের শস্যের চাহিদা মেটানোর জন্যে আফ্রিকা এবং দক্ষিণ আমেরিকায় জমি কিনে ফেলেছে অনেকটা। সৌদি আরব ও জমি কিনেছে কলোরাডো এবং নিউ মেক্সিকোতে। যেখানে তারা আলফালফা উৎপাদন করে আমদানী করে নিয়ে আসছে তাদের পশু পালন ও খামারের প্রয়োজন মেটাতে।

আর এইসমস্ত ঘটনাই আমাদের প্রাকৃতিক সম্পদের ধ্বংস ডেকে আনছে। জঙ্গল কমে যাচ্ছে , অতিরিক্ত সারের ব্যবহারে জমি হারাচ্ছে তার উর্বরতা। নদীর মোহানায় জমে ওঠা ফসফরাসের বর্জ্য সমুদ্রকে করে ফেলেছে দূষিত (গালফ অফ মেক্সিকো এবং মিসিসিপি নদীর অববাহিকা এই দূষনের একটি জ্বলন্ত উদাহরণ) সুতরাং এই মুহূর্তে এই পৃথিবীর একজন দায়িত্বশীল এবং অনুভূতি সম্পন্ন নাগরিকের কাছে সবথেকে মূল্যবান প্রশ্ন - কিভাবে এই জঙ্গলহীনের চাহিদা আমরা মেটাবো আমাদের প্রাকৃতিক সম্পদকে ধ্বংস না করে? এর কোন সদুত্তর আছে কি ? অতীতের অভিজ্ঞতা থেকে বলা যায় - সম্ভবত না। তবে আমরা কি এই কোল্যাটারাল ড্যামেজকে বা সম্পদের এই ধ্বংসকে নিয়ন্ত্রন করতে পারি ? তাহলে আমার উত্তর অবশ্যই হ্যাঁ। এখনো সময় আছে ভেবে দেখবার।

২) গ্লোবাল ওয়ার্মিং একটি মিথ। তার পক্ষে যেমন যুক্তি আছে আবার বিপক্ষেও যুক্তি আছে। গ্রীন হাউস এফেক্টের জন্যে গ্লোবাল ওয়ার্মিং এড়ানোর কোন উপায় নেই।

উত্তর -

আমি প্রথমেই একটা ছবি তুলে ধরছি বিষয়টি ভালোভাবে বোঝার জন্যে :-



উপরের এই রেখচিত্রটি তাপমান নির্ণায়ক যন্ত্রের সাহায্যে নেওয়া এবং এখানে ১৮৫০ সাল থেকে রক্ষিত তথ্য দেওয়া হ'ল। এবার আমরা যদি এই দীর্ঘ সময় ধরে তাপমাত্রার ওঠানামা লক্ষ্য করি এবং প্রথম ১৫টি তাপমান লক্ষ্য করি তাহলে দেখতে পাচ্ছি যে তাপমাত্রার এই বৃদ্ধি ক্রমবর্ধমান। এবং যারা বলেন যে এই তাপমান একটি চক্রের মত বাড়তে বাড়তে আবার কমতে থাকে তাদের এই ধারণা যে ভুল তা এই রেখচিত্র থেকে দিনের আলোর মতই স্পষ্ট।

1 2015
2 2014
3 2010
4 2013
5 2005
6 2009, 1998
8 2012
9 2007, 2006, 2003
12 2002
13 2011, 2004
15 2008, 2001

এখন যদি কেউ বলেন যে আমাদের কাছে আরো পুরোন সময়ের কোন তথ্য নেই বিশেষ করে মানুষ যখন এই পৃথিবীতে এসেছে অথবা তারো আগে - তাহলে বলব এই ধারণাও ভুল। প্রত্যক্ষ ভাবে তাপমান না মাপতে পারলেও আমরা অন্যভাবে সেই আদিমযুগের তাপমাত্রা জানতে পারি - যেমন মানুষ বা অন্যান্য প্রাণীর দাঁতের জীবাশ্ম , উদ্ভিদের বাকলের জীবাশ্ম , মোরেন বা ফসিলাইজড বরফ ইত্যাদির মাধ্যমে। এখন যদি আপনি বলেন যে ভূতাত্ত্বিক যুগেও তো পৃথিবী অনেকবার উত্তপ্ত হয়েছে। আমার উত্তর হ্যাঁ কিন্তু সে সবই যখন যখন কোন অরোজেনি বা প্রাকৃতিক বিপর্যয় বা মহাপ্রলয় এসেছে যেমন - আগ্নেয়গিরির বিস্ফোরণ , ব্যাপক ভূমিকম্প ইত্যাদি। ঠিক ! এইসব মহাপ্রলয়ের সাথে সাথে এক একটি প্রজাতিও বিলুপ্ত হয়েছে আমাদের এই পৃথিবীতে। আমরা নিশ্চয়ই সেই ডাইনোসর যুগে ফিরে যাবার কথা ভাবছিলাম। অতএব এ বিষয়ে কোন সন্দেহ নেই পৃথিবীর এই উত্তপ্ত হওয়ার জন্যে সেই প্রত্নতাত্ত্বিক যুগ থেকেই মানুষের অবদান আছে এবং ভেবে দেখবার সময় এসে গেছে কারণ চরম বিপদ আমাদের ঘাড়ের কাছে নিঃশ্বাস ফেলছে।

এখন যদি জানতে চাওয়া হয় যে আমাদের কাছে কি কোন উপায় আছে এই গ্লোবাল ওয়ার্মিং মেনে নেওয়া ছাড়া ? কারণ প্রকৃতির মধ্যে এই গ্রীনহাউজ এফেক্ট একটি স্বাভাবিক ঘটনা এবং তার মধ্যে এই নির্গত CO₂ এবং CH₄ বের করবার কোন পদ্ধতি নেই। এটা ঠিক যে এই সব গ্যাস বহুযুগ ধরে থেকে যাবে এই পৃথিবীতে। কিন্তু মানুষ যে কোন সময়েই প্রকৃতিকে চ্যালেঞ্জ করে ফেলতে পারে। হ্যাবার - বশ পদ্ধতির মতই হয়ত কোন পদ্ধতি আমরা আবিষ্কার করে ফেলবো যাতে এই নির্গত কার্বন ডাই অক্সাইড এবং মিথেন গ্যাস শুষ্ক নিতে পারা যাবে। এই রকম কোন আবিষ্কার যদি হয় তা নিশ্চয়ই এক যুগান্তের সন্ধান দেবে আমাদের। কিন্তু তার আগে দাঁড়াও হে পশ্চিমবঙ্গ ! একটু সবুজের ছোঁওয়া নিয়ে আসার জন্যে প্রাণপণ চেষ্টায় কমিয়ে ফেলতেই হবে বাতাসে এই বিষ ছড়ানোর। তারজন্যে আমাদের যা কিছু করা দরকার সমস্ত কিছু করে চেষ্টা চালাতে হবে। এছাড়া আর কোন উপায় নেই এই মুহূর্তে।

৩) কियोটা কনভেনশন অনুযায়ী ১৯৯০ সালে বাতাসে কার্বনের উপস্থিতি হল মানদণ্ড। যেখান থেকে প্রত্যেক দেশকে ৫% কমিয়ে ফেলতে হবে। যে সমস্ত দেশের তালিকা তৈরি করা হয়েছে তাতে ভারতবর্ষ তথা তৃতীয় বিশ্বের প্রায় সমস্ত দেশই এই মাত্রার নীচে আছে। অতএব ভারতবর্ষকে উল্লয়নকে প্রাধান্য দিতে হবে এই মুহূর্তে। পরিবেশকে নয়।

উত্তর -

এটা সত্যি যে ভারতবর্ষে জনপ্রতি কার্বন গ্যাস নির্গমনের মাত্রা অনেক কম তার অন্যতম কারণ হল এখানে জনপ্রতি এনার্জির ব্যবহার অনেক কম। জীবাশ্ম জ্বালানীর ব্যবহার ও অনেক কম। কিন্তু সারা ভারতবর্ষের ছবিটা কিন্তু একরকম নয়। দিল্লীতে অনেকেরই তিনটে বা তার বেশি গাড়ি রয়েছে। বাড়িতে একের অনেক বেশি টিভি , এসি মেশিন। উল্লতির নামে এই স্বাস্থ্যের উপকরণ গুলির ব্যবহার যত বাড়বে ততই আমাদের বিপদ বাড়তে থাকবে। গত অলিম্পিকের পর থেকে বেজিং শহরের এই বাতাসে দুশনের মাত্রা বিপদজনক হওয়া থেকে শিক্ষা নিয়ে চীন অনেক উপযুক্ত ব্যবস্থা নিয়ে নিয়েছে এবং এই দুশনকে অনেক নিয়ন্ত্রনের মধ্যে এনেছে। আমাদের দিল্লীতে কয়লার ব্যবহার জনিত দুশন এখন বিপদজনক সীমা ছাড়িয়ে অনেক দূর চলে গেছে। এবং আমরা যদি সতর্ক না হই তাহলে ধ্বংস অনিবার্য। সার্বিকভাবে ভারতে দুশনের মাত্রা যেমন কম তেমনি আমাদের অগুণতা হয়ত নিজেদের অজান্তেই ডেকে আনছে পরিবেশের বিপদ। এমনকি গ্রামীণ এলাকাতেও নদীতে মিশে যাওয়া বর্জ্য , কারখানার ধোঁওয়া মিশে বাতাসকে বিষাক্ত করে তুলেছে ক্রমাগত। আমাদের সাধারণ স্বাস্থ্যের মান অনেক নীচে নেমে আছে এবং আমাদের শিশুরা বেড়ে উঠছে এই অস্বাস্থ্যকর পরিবেশেই। শহরের কাছে প্রায় প্রতিটি মানুষের মধ্যে হাঁপানি , শ্বাসকষ্ট এখন নিত্যসঙ্গী হয়ে গেছে। কয়লার ছাই থেকে নির্গত মার্কারি , সালফার বাতাসে মিশে প্রতিনিয়ত ছড়িয়ে যাচ্ছে এই বিষ। এখনো যদি আমরা সাবধান না হই তবে হয়ত আমরা উল্লতির পথে হেঁটে যাবো কিন্তু তার জন্যে আমাদের বড়োবেশি মূল্য দিতে হবে আমাদের জনস্বাস্থ্যের ক্ষেত্রে। এটা সমস্ত ভারতবাসীকে ভেবে দেখতে হবে। উল্লতি এবং আমাদের স্বাস্থ্য এই দুইয়ের মধ্যে মেলবন্ধন করাটাই আমাদের প্রধান সংগ্রাম এখন।

৪) বিশ্বের উন্নত দেশগুলির মধ্যে কিছু ইউরোপীয় দেশ ছাড়া আর কেউ এই কনভেনশনকে মানেনা। আমেরিকা কোনভাবেই এই চুক্তির আওতায় আসতে চায়না। অতএব এই চুক্তির ফলে পিছিয়ে পড়া দেশগুলি আরো পিছিয়ে পড়বে এবং উন্নত দেশগুলি কোনভাবেই তাদের রথের চাকা থামাবেনা।

উত্তর -

সত্যি কথা বলতে গেলে এই মুহূর্তে পৃথিবী দোদুল্যমান এই প্রশ্নে। আমেরিকা পরিবেশ রক্ষায় বা আবহাওয়া পরিবর্তনের প্রশ্নে এই বিশ্বকে নেতৃত্ব দেওয়ার জায়গা থেকে সরে এসেছে। বিশেষ করে সম্প্রতি ডোনাল্ড ট্রাম্পের নির্বাচিত হয়ে আসার পরে নিশ্চিত ভাবেই বলা যায় কফিনের শেষ পেরেকটা পোঁতা হয়ে গেছে। আমেরিকা এখন পৃথিবীর বৃহত্তম শক্তি যারা পরিবেশকে উপেক্ষা করতে চলেছে। দুঃখজনক হলেও এটা সত্যি আমেরিকার অধিকাংশ মানুষ শুধু তাদের নিজেদের স্বাস্থ্যের কথাই ভাবেন এবং ফসিল ফুয়েলের যথেষ্ট ব্যবহার কোনভাবেই কমাতে রাজি নন। ইউরোপের কোন কোন দেশ ও একই পথে চলেছে তবে আমেরিকার মত এমন চরমপন্থী হয়ত নয়। তবু পোল্যান্ড , চেক প্রজাতন্ত্র ইত্যাদি দেশ বেশ চরম মনোভাবাপন্ন এই বিষয়ে। তবে ব্রেক্সিটের পরে ব্রিটিশ যুক্তরাষ্ট্রের দেশগুলি এবং এই মুহূর্তে নির্বাচনের মুখে দাঁড়ানো ফ্রান্স এবং জার্মানিতে অনেক শক্তিশালী এবং যুক্তিসম্মত বিরোধী দল আছে যারা আমাদের কিছুটা ভরসা দিতে পারে হয়ত। তবে এ বিষয়ে কোন সন্দেহ নেই যে চীন এবং ভারতবর্ষের মত দেশকেই এখন পৃথিবীতে পরিবেশের এই লড়াইয়ের নেতৃত্ব দেওয়ার জন্যে এগিয়ে আসতে হবে।

সম্প্রতি আই আই টি গান্ধীনগর এবং বিশ্বের আরো কয়েকটি সংস্থার যৌথ সমীক্ষায় আমরা জানতে পারছি ভারতবর্ষে ভূগর্ভে জলস্তরে একটি তারতম্য লক্ষ্য করা যাচ্ছে। উত্তর ভারতের জলস্তর গত দশ বছরে প্রতিবছর প্রায় দুই সেন্টিমিটার করে কমে গেছে । যার অন্যতম কারন বৃষ্টিপাতের অনুপাত কমে যাওয়া। আবার দক্ষিণ ভারতে এই জলস্তর গত দশ বছরে বেড়েছে প্রায় একই অনুপাতে যার জন্যে দায়ী মনে করা হচ্ছে এই অঞ্চলে বৃষ্টিপাতের হার বেড়ে যাওয়া। এই বৃষ্টিপাতের তারতম্যের প্রধান কারণ হিসাবে উঠে আসছে ভারত মহাসাগরের উষ্ণতা বৃদ্ধি। ভারতবর্ষের মত কৃষি নির্ভর দেশের পক্ষে আবহাওয়ার এই পরিবর্তন খুব উদ্বেগজনক এটা বলার অপেক্ষা রাখেনা।

আরো একটি রিপোর্ট অনুযায়ী আমরা জানতে পারছি যে চীন সম্প্রতি তাদের দেশের প্রায় একশত কয়লা চালিত বিদ্যুৎ প্রকল্প নির্মাণ মাঝপথে বাতিল করে দিয়েছে। চীনের বিভিন্ন প্রদেশে শুরু হওয়া এই প্রকল্পগুলি বন্ধ করবার জন্যে প্রায় ৬২ কোটি ডলার আর্থিক ক্ষতি স্বীকার করতে হবে তাদের কিন্তু তাও এই পদক্ষেপ চীন নিতে চলেছে কারণ তারা মনে করেছেন তাতে আরো অনেক বড়ো ক্ষতি তারা এড়াতে পারবেন। ২০১৬ থেকে ২০২০র মধ্যে প্রায় ১৫০ গিগাওয়াট কয়লা বিদ্যুৎ প্রকল্প বন্ধ করে তার পরিবর্তে ১৩০ গিগাওয়াট সৌর ও বাতাস চালিত বিদ্যুৎ প্রকল্প চালু করতে চলেছে চীন। পরিবেশের জন্যে এটি একটি অন্যতম বৃহৎ পদক্ষেপ।

সার্বিকভাবে তাই বলা যায় আমরা একটা ক্রান্তিকালের মধ্যে দাঁড়িয়ে যার সামনে আসতে চলেছে একটা গভীর অন্ধকারের যুগ। আমাদের ইতিহাস বলে এইরকম অনেক সংকট আমরা আগেও দেখেছি - প্রথম ও দ্বিতীয় বিশ্ব যুদ্ধ , দুই বৃহৎ শক্তির ঠান্ডা লড়াই। এই সমস্ত সংকটেই মানবতার জয় হয়েছে পরিস্থিতি এবং সঠিক নেতৃত্বের জন্যে। একজন নাগরিক হিসাবে আমরা আশা এবং প্রার্থনা করতেই পারি এই অন্ধকার রাতের শেষে আবার একটা উজ্জ্বল নির্মল ভোরের।

ডঃ দাশগুপ্ত'র এই বিশদ আলোচনার পরিপ্রেক্ষিতে কলকাতার বিখ্যাত গ্যাস্ট্রোন্টলজিস্ট ডঃ দীপঙ্কর সরকার যে প্রস্তাবগুলির উপরে জোর দিতে চাইলেন তা এইরকম -

- ১) মানবসভ্যতা নিশ্চয়ই একদিন পারবে এবং তাকে পারতেই হবে সেই রাস্তা খুঁজে বের করার যার সাহায্যে আমরা নির্গত কার্বন ডাই অক্সাইড এবং মিথেন গ্যাসকে শেষে নিতে পারবে এই পৃথিবীকে গ্রীন হাউস এফেক্টের বিপদ থেকে বাঁচাতে।
- ২) জনসংখ্যার বৃদ্ধির রাশ টানতে জন্ম নিয়ন্ত্রনের ব্যাপক প্রচার এবং সাফল্যকে নিশ্চিত করা।
- ৩) সামুদ্রিক সম্পদের আরো অনেক বেশি ব্যবহার। সামুদ্রিক সম্পদের খোঁজ এবং মানবসভ্যতায় তাকে কাজে লাগানো। এই বিপুল সম্পদের বেশিরভাগই এখনো আমাদের অজানা।
- ৪) কৃষি বিজ্ঞানের ক্ষেত্রে আরো অনেক নতুন নতুন আবিষ্কার।
- ৫) পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং প্রাকৃতিক সম্পদের ধ্বংস না করে উন্নতির পথে চলার জন্যে শক্তিশালী আইন প্রণয়ন এবং তার যথাযত প্রয়োগ।
- ৬) মানুষের নিজস্ব প্রতিরোধ ক্ষমতা এবং তার নিজের শক্তির উপরে ভরসা রাখা। মানব সভ্যতার প্রথম দিন থেকেই সে এই প্রতিকূলতার বিরুদ্ধে লড়াই করতে শিখেছে। মানুষকে তাই বিশ্বাস রাখতে হবে মানুষের উপরেই। হাতে হাত রেখে তৈরি করতে হবে মানব শৃঙ্খল।

পরিবেশ নিয়ে আলোচনা কখনো সম্পূর্ণ হবেনা যদিনা আমরা কার্বন ট্রেডিং , কার্বন ক্রেডিট , কার্বন ট্যাক্স এবং রেভিনিউ নিউট্রাল কার্বন ট্যাক্স এই শব্দগুলি একটু বোঝার চেষ্টা করি। এবং এই মুহূর্তে পৃথিবীতে পরিবেশকে রক্ষা করতে এবং আবহাওয়ার পরিবর্তনকে প্রতিরোধ করার জন্যে যে আন্দোলন গড়ে উঠেছে বা আওয়াজ শোনা যাচ্ছে তার সাথে পরিচয় করার জন্যেও এই শব্দগুলিকে নিয়ে আলোচনা করা বিশেষ দরকার।

ক) কার্বন ট্রেডিং সম্পর্কে আমরা প্রথম ধারণা পাই কিয়োটো কনভেনশন থেকেই। মূলতঃ আমেরিকাই এই প্রস্তাব নিয়ে আসে কিন্তু পরে নিজেরাই এই চুক্তি থেকে নিজের সরিয়ে নেয়। কার্বন ট্রেডিং চুক্তিবদ্ধ দুই দেশের মধ্যে হতে পারে অথবা একটি চুক্তি বদ্ধ দেশ চুক্তির বাইরে থাকা আর একটি কোন দেশের সাথেও করতে পারে। দুই দেশের কার্বন এমিশনের মাত্রা যদি নির্ধারিত মানের থেকে কম বা বেশি হয় তাহলে যার কম সে বিক্রী করতে পারে তার কার্বন ক্রেডিট যার বেশি আছে তার কাছে।

খ) কার্বন ক্রেডিটের ধারণাও এই একসঙ্গেই এসেছে। কিয়োটো কনভেনশনে কার্বন এমিশনের যে লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছিলো যদি কোন দেশ তার থেকে নীচে থাকে তবে তারা আর একটি দেশের যারা এই মাত্রার উপরে আছে তাদের কাছে এই ক্রেডিট বিক্রী করতে পারে কোন নির্দিষ্ট প্রকল্প

অনুযায়ী যেমন - জঙ্গল স্থাপন (কার্বন শিংক) , কয়লা বা অন্য ফসিল ফুয়েল ছাড়া বিকল্প শক্তির সাহায্যে চলবে এমন বিদ্যুৎপ্রকল্প নির্মাণ (সোলার পাওয়ার প্ল্যান্ট , উইন্ড মিল)।

গ) কার্বন ট্যাক্স বসানো সমস্ত উৎপাদন ক্ষেত্রে তাদের কার্বন এমিশনের মাত্রা অনুযায়ী এবং এই ফসিল ফুয়েলের গ্রাহকদের কাছ থেকে । সেই ট্যাক্স থেকে আদায় করা অর্থ অন্য বিকল্প শক্তি প্রকল্প বা কার্বন শিংক তৈরিতে ব্যয় করা হলে তবেই এই কার্বন ট্যাক্সের সফল আমরা পেতে পারি।

ঘ) রেভিনিউ নিউট্রাল কার্বন ট্যাক্স অপেক্ষাকৃত নতুন ধারণা ও প্রস্তাব এবং আমেরিকার পরিবেশবাদীরা এই দাবী বহুদিন থেকে করে আসছেন। কোন কোন ইউরোপীয় দেশে এটি চালু করাও হয়েছে। এই প্রস্তাবে শুধু ফসিল ফুয়েল উৎপাদন ক্ষেত্র এবং অন্যান্য উৎপাদন ক্ষেত্র যেখানে কার্বন এমিশনের মাত্রা অনেক বেশি সেই সব কর্পোরেটদের কাছ থেকে অনেক বেশি মাত্রায় কার্বন ট্যাক্স বসিয়ে সেই ট্যাক্স সরকার অন্যান্য কোন খাতে খরচ না করে শুধু সাধারণ মানুষদেরকে তাদের আয়করের অনুপাত অনুযায়ী ফেরৎ দিয়ে দেবে যার নাম - কার্বন ডিভিডেন্ট। অর্থনীতিবিদদের আশা এই ট্যাক্স এবং তার এইভাবে ব্যবহার অর্থনীতিতে এক অন্যমাত্রা এনেদিতে পারবে এবং এরফলে অনেক বেশি কর্মসংস্থান হতে পারে এবং দেশের অর্থনীতির মান অনেক স্টেবল এবং শক্তিশালী হতে পারবে। বিজ্ঞানী জেমস হ্যানসেন এই প্রস্তাবের একজন অন্যতম সমর্থক এবং প্রচারক।

উদ্দেশ্য মহৎ এবিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু এর সঙ্গে জড়িত অনেকগুলো দিক আছে - যেমন কার্বন মাত্রা কে নির্ধারণ করে দেবে এবং এই ট্রেডিং'এর সাথে যুক্ত যে সমস্ত প্রাইভেট কোম্পানী থাকবে তাদের উপর নিয়ন্ত্রন কিভাবে রাখা হবে। কার্বনের মাত্রা ঠিক করার কাজকে কিভাবে দুর্নীতি মুক্ত রাখা যাবে ইত্যাদি। আর একটি বিষয়ে পরিবেশবাদীরা বেশ উদ্বিগ্ন। আমেরিকা পৃথিবীর সবথেকে শক্তিশালী দেশ এবং পরিবেশের এই লড়াইয়ে তার নেতৃত্বেই আমরা অনেক বেশি সফল হতে পারতাম। কিন্তু তারা নিজেদের এই ক্রিয়োটো চুক্তি থেকে সরিয়ে নেবার পরে দেশে অনেক বিজ্ঞানী এবং পরিবেশবাদী অর্থনীতিবিদ চেষ্টা করে চলেছেন জনমত তৈরি করে সরকারকে চাপ দিয়ে পরিবেশের জন্যে বিশ্বের আন্দোলনে শরিক হতে। সম্প্রতি ডোনাল্ড ট্রাম্পের নির্বাচনে প্রেসিডেন্ট হবার পরে সে দেশে শুধু গণতন্ত্র নয় পরিবেশের এই আন্দোলন ও অনেক ধাক্কা খাবে বলেই সবাই মনে করছেন। আমেরিকা এবং ইউরোপ যদি এই লড়াইয়ে নেতৃত্ব দিতে এগিয়ে না আসেন তবে বিশ্ব এখন তাকিয়ে আছে চীন , ভারত প্রভৃতি দেশের দিকে তাকিয়ে - পৃথিবীর মানচিত্রে যারা ক্রমশ শক্তিশালী দেশ হিসাবে উঠে আসছে। আমরা এই পৃথিবীর নাগরিকেরা আশা করব একদিন এই আন্দোলনের পিছনে সমস্ত দেশ একমত হবে এবং আমরা এই পৃথিবীকে বাসযোগ্য করবার পথ এগিয়ে যেতে পারব আকাশটা ভেঙ্গে পড়বার আগে।

এবার আমরা ফিরে আসবো বিজ্ঞানী জেমস হ্যানসেনের কথায়। ৭৫ বছর বয়সে নাসা থেকে ২০১৩ সালে অবসর নেওয়া এই বিজ্ঞানী দীর্ঘ ৩৫ বছর ধরে নিউইয়র্কের একটি মহাকাশ গবেষণা কেন্দ্রের প্রধান হিসাবে কাজ করেছেন। আজীবন তিনি পরিবেশের বিপদ সম্মুখে মানুষকে সচেতন করে চলেছেন সেই আশির দশক থেকেই। মানবতাবাদী এই বিজ্ঞানী বিভিন্ন মানবাধিকারের আন্দোলনের সমর্থনে এগিয়ে এসেছেন এবং এরজন্যে প্রয়োজনে নিজের দেশের সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াতেও পিছুপা হননি। এই মুহূর্তে আমেরিকার ২১ জন ২১ বছরের কম বয়সী কিশোর কিশোরী যার মধ্যে তাঁর নিজের নাতনী ও আছে - তারা ফেডারেল সরকারের বিরুদ্ধে একটি মানবাধিকারের মামলা এনেছেন পৃথিবীর পরিবেশকে উপেক্ষা করে উন্নয়নের পরিকল্পনা করে আগামী পৃথিবীকে ভবিষ্যৎ প্রজন্মের মানুষদের জন্যে বিপন্ন করে তোলার জন্যে। বিজ্ঞানী হ্যানসেন এই আন্দোলনের একজন সক্রিয় সমর্থক এই মুহূর্তে। তিনি মনে করেন সুস্থ পরিবেশ একজন নাগরিকের মৌলিক অধিকার হিসাবে গণ্য হওয়া উচিত। পরিবেশের এই বিপদ সম্পর্কে তাঁর নিজের ভাষায় তিনি যা বললেন -

"In the U.S., we didn't face up to the dangers of World War II until we were forced to. And then we did a lot. But in this case, it's particularly difficult and crucial because of the inertia of the climate system and the fact that the climate system gains momentum, and you've got to stop that. It is a very powerful system. We're close to that point of no return. Whether we've passed it or not, I don't know.... We've passed it in the sense that some climate impacts are going to occur and some sea-level rise is going to occur, but we have not necessarily hit the disastrous level, which would knock down global economies and leave us with an ungovernable planet. But we are close."

হ্যাঁ , মানবাধিকারের জন্যে আজীবন লড়াই করে যাওয়া বিজ্ঞানী এই আলোর পথের যাত্রী খুব স্পষ্ট ভাষায় আমাদের বলতে চাইলেন -

"We have not hit the disastrous level. But we are close."

এখনো আমরা মরিনি কিন্তু মরতে বসেছি।

আমরা শেষ করব শ্রী অরিন্দম রায় গোস্বামীর একটি সুন্দর বর্ণনা দিয়ে। সৃষ্টির সেই প্রথম দিন থেকে ছুটে চলা এই পৃথিবী'র বয়স ক্রমশ বেড়েই চলেছে। তার মৃত্যু কোনদিন হবেনা কিংবা হয়তো একদিন হবে। সভ্যতার অনিবার্য ক্লাস্ট্রি তার মুখে চোখে স্বকে ক্রমশ জাঁকিয়ে বসেছে। আর তার সেই বিধ্বস্ত বিগত যৌবন চেহারার দিকে তাকিয়ে অরিন্দম এক অসহায় কষ্টের অনুভূতি উপলব্ধি করে বলে ওঠেন -

"প্রাচীন সে অরণ্য...উত্তরে হাওয়ায় নতুন করে উত্তরীয় সাজাতে কত হেমন্ত কাটলো তার...অথচ তার পরিযাত্রী বিবর্তনে সূর্যের আলো বন্দি করতে গিয়ে বারবারে বাঁধা পড়ে সে অন্ধকারেই...তবুও তার ভেতরকার স্বচ্ছ কিশলয় ব্রহ্মে, আজও কত সবুজ ক্লোরোফিল, সভ্যতার অস্থির ডেউ বুঝে নির্লিপ্ত হয় সেখানে...আর তুমি নাম রাখো 'পর্ণমোচি'..."

সুপ্রাচীন সে আরণ্যক সভ্যতা...একটা রাত্রি ধরে হেঁটে চলেছ তুমি--ক্লান্ত, অবসন্ন...অস্থির পা অজান্তেই সভ্যতার ধূলোমেখে ভারী হয়ে এসেছে...গম্ভব্য জানা আছে তোমার, কিন্তু পথটা অজানা...অস্থির আকাশের দিকে চেয়ে রোজকার জীবন, সময়ের হিসেবে সে মিলিয়ে নেয় ঘড়িতে...শেষরাতে শরীর জুড়ে জোছনা নামে তার...ঠিক তখনই মনে পড়ে সেসব নিরুদ্দেশী কথামালা...পেন তুলতে গিয়ে দেখে অব্যবহারে মরচে পড়ে গেছে...আঙুলের শব্দরাও শেষ হয়ে গেছে সেই কবে...আগাছা ভর্তি খাতা থেকেও একে একে বিদায় নিয়েছে সব ঋতু...তবুও শেষ শীতের ফেলে যাওয়া কিছু উত্তরে হাওয়া বুকের বাম দিক জুড়ে শ্বাস নেয় আজও...তুমি নাম রাখো 'ইলিউশন'...আর দূরে সাইবেরিয়াতে রাত দীর্ঘ হতে থাকে...

লম্বা হতে থাকে রাস্তাটাও...খোঁজ মেলে না মৃত্যুরও...গ্রহ থেকে গ্রহে রং নিয়ে ছুটে চলা ক্লান্ত ফোটনেরও সন্ধ্যা হয় একসময়...সভ্যতার ছাঁচে গড়া নাগরিক গল্পগুলোও বাড়তে বাড়তে পেয়ে যায় নাক্ষত্রিক জীবন...রাস্তায় পড়ে থাকা বিস্মৃত শহরেরা অরণ্যে গিয়ে মেশে...আর সাতরঙের এই বহুরঙ্গী বিবর্তন গায়ে চাপিয়ে অসহায় নীল গ্রহটাকে ছুটে যেতে হয় তখনও..."

আজ হয়ত অনেক কিছুই জানিনা আমরা। হয়ত জানব , বুঝব কাল অথবা পরশু। শুধু জানি এভাবেই আমাদের ছুটে যেতে হবে অবিরাম। আর বেশি দেরী হয়ে যাবার আগে যেভাবেই হোক আমাদের পৌঁছাতে হবেই নতুন একটা ভোরবেলায় । আর আমরাই আনতে পারি সেই অসীম সম্ভাবনাময় স্বপ্নের ভোর আমাদের এই সবুজ পৃথিবীতে।

মরতে বসেছি কিন্তু এখনোতো মরিনি আমরা । হয়ত এখনো ঘুরে দাঁড়ানো যায়।

কৃতজ্ঞতা -

১) ডঃ সিদ্ধার্থ দাশগুপ্ত , পি এইচ ডি (রসায়ন) , ম্যানেজিং ডাইরেক্টর , এন এস এফ সেন্টার ফর কেমিকাল ইনোভেশন , প্যাসাডেনা , আমেরিকা।

২) ডঃ দীপঙ্কর সরকার , এমডি , গ্যাস্ট্রোএন্ট্রলজিস্ট , কলকাতা।

৩) শ্রী অরিন্দম রায় গোস্বামী , কবি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব , কলকাতা।

৪) শ্রী মনোরঞ্জন ব্যাপারী , কবি , সাহিত্যিক এবং মানবাধিকার কর্মী , কলকাতা।

৫) "Will We Miss Our Last Chance to Save the World From Climate Change?" By Jeff Goodell

গণিতাশ্রু

অনুপ দেওয়ানজী

আমরা জানি ৫ টা আপেল আর ৮ টা আপেল মিলে $৫+৮=১৩$ টা আপেল হয়। একটা ঝুড়িতে প্রথমে ৫ টা আপেল এবং তারপরে ৮ টা আপেল রাখলে, ঝুড়িতে মোট ১৩ টা আপেল দেখা যায়। মুশকিল হল, ঝুড়িতে যদি ৫ টা আপেল এবং তারপর ৮ টা কমলা রাখি। ইংরাজী-জানা পণ্ডিতেরা বলবে, 'Apples and oranges do not mix'! অর্থাৎ কিনা, আপেল আর কমলা একসঙ্গে মেশানো যায় না। যদি যেত, তাহলে বাংলা সন্ধি করে আমাদের বলতে হত ঝুড়িতে ১৩ টা কমলাপেল আছে। বড্ড বিচ্ছিরি শোনায়, তাই না! তার চেয়ে বড় সমস্যা হল, এই ১৩ টা কমলাপেল-এর মধ্যে ক'টা আপেল আর ক'টা কমলা আছে, সেই হিসেবটা একদম গুলিয়ে যেত। মানে, ৫ টা আপেল আর ৮ টা কমলা যেমন হয়, তেমনই ৮ টা আপেল ও ৫ টা কমলা হতে পারে, বা ২ টো আপেল ও ১১ টা কমলা হতে পারে, বা আরও অনেক কিছু হতে পারে। তাহলে কিন্তু ব্যাপারটা একেবারে, যাকে বলে, ঘেঁটে ঘ হয়ে যাবে। অন্যদিকে, ঝুড়িতে ৫ টা আপেল ৮ টা কমলা যেমন পরিষ্কার দেখা যাচ্ছে, তাদের একত্রে “৫ টা আপেল ও ৮ টা কমলা”, বা “৫ টা আপেল+৮ টা কমলা”, বললে একেবারে ল্যাটা চুকে যায়; কোনও সমস্যাই থাকে না! দু'রকম জিনিস থাকলে এরকমভাবে বলাই রেওয়াজ; সহজও বটে। একেবারে আমাদের-সেই-মাথার-চুল-তুলে-দেওয়া বীজগণিতের (algebra-র) মত ইংরাজী হরফে $5x+8y$ লেখা। এখানে x হল আপেল আর y হল গিয়ে কমলা। বীজগণিতের উৎপত্তি এখান থেকেই। যখনই তোমাকে দুই বা ততোধিক বিভিন্ন রকমের সামগ্রীকে সামগ্রিকভাবে ভাবতে হবে, তখনই বীজগণিতের দোহাই দিয়ে $5x+8y+3z+....$ -এর মত করে লেখা যেতে পারে।

তবে একটা জিনিস মাথায় রাখতে হবে। যে সকল বিভিন্ন রকমের সামগ্রীকে একত্রে ভাবতে হচ্ছে, তাদের সকলের মাপের একক (unit) যেন একই হয়। এক্ষেত্রে যেমন আপেল ও কমলা দু'রকম সামগ্রীকেই সংখ্যা দিয়ে মাপা হয়। কিন্তু ৫ টা আপেল আর ২ কেজি চালকে একত্রে দেখতে চাইলে একটু অসুবিধা হবে বৈকি। আরও অসুবিধা হবে যদি ২ কেজি চাল আর ৪ লিটার তেলকে একসঙ্গে লিখতে চাও, যদিও ভাত রান্না করতে গেলে চাল ও জল একসঙ্গে মেশাতেই হবে। এই অসুবিধাটা আরও প্রকট হয়ে উঠবে যদি আমি ২ কেজি চাল আর ৩০ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা একসঙ্গে ভাবতে বা লিখতে চাই। তাহলে দেখা যাচ্ছে আপেল ও কমলা যেমন একত্রে ভাবা বা লেখা যায়, সেরকমই (মা-বাবারা যতই বকুক না কেন) চাল ও ডাল, অথবা জল ও তেল, ভালভাবেই একসঙ্গে ভাবা বা লেখা যায়, অঙ্কের খাতিরে মেশানোও যায়।

এই আলোচনা থেকে যেটা বোঝা গেল যে দু'টি সামগ্রী যদি ভিন্ন এককে মাপা হয়, তবে তাদের বীজগণিতের মত যোগ করা যায় না। যেমন, ২ কেজি চাল আর ৫০০ গ্রাম ডাল একসঙ্গে যোগ করা

যাবে না। তাদের একক একরকম করে নিয়ে লিখতে হবে “২০০০ গ্রাম চাল + ৫০০ গ্রাম ডাল”, বা “২ কেজি চাল + ০.৫ কেজি ডাল”। মুশকিল হল যখন ৫টা কলা আর ২ কেজি চাল বীজগণিতের মত একসঙ্গে লেখার প্রয়োজন হবে। সংখ্যা-একক আর কেজি-একক পরিবর্তন করে একটি সাধারণ এককে লেখা মুখের কথা নয়, মাথার ব্যাপার! একটা সমাধান সূত্র হল এই একক দুইটিকে টাকার অঙ্কে বা এককে লিখে ফেলা। দু’টো জিনিসেরই একটা করে দাম আছে। যেমন, একটা কলা যদি ৪ টাকা করে হয় এবং ১ কেজি চাল যদি ৪০ টাকা করে হয়, তাহলে ৫টা কলা আর ২ কেজি চালের একত্র মূল্য হবে $৪ \text{ গুণ } ৫ + ৪০ \text{ গুণ } ২ = ১০০$ টাকা; একেবারে বাজারের হিসেব। কখনও ভেবেছ কি, এই সামান্য বাজারের হিসেবে কত অঙ্ক আর কত বীজগণিত লুকিয়ে আছে !

চোর-পুলিশ খেলা

তাপস চক্রবর্তী

১

বিশুর দাদু পুলিশ। সোনারপুর স্টেশনের কাছেই রেলের কেবিনের ঠিক পিছনে দাদুর বাড়ি। দাদু সবে সকালের ডিউটি সেরে দুপুরে খেতে এসেছে। দিদিমা নালিশের ঝাঁপি খুলে বসলেন, ‘বিশু আমার কোনও কথা শোনেনা। আমি আর ওকে সামলাতে পারবনা। তুমি কিছু একটা ব্যবস্থা করা।’

হাত পা ধুতে ধুতে দাদু বললেন, কেন আবার কী বদমায়েশি করল?’

‘বদমায়েশির কি আর অন্ত আছে। পড়াশোনা নেই, সারাদিন খালি টো-টো করে ঘুরে বেড়ায়। আজকে টিল মেরে রেলের কেবিনের জানলা ভেঙেছে। কেবিনের ঐ মোটা মত লোকটা বাড়িতে এসে যা নয় তাই বলে গেলা!’ দিদিমা গজগজ করতে থাকে, ‘তুমি যখন বাড়িতে থাকো তখন এমন শান্ত ছেলে যেন ভাজা মাছটি উল্টে খেতে জানেনা। আর যেই দাদু বেরিয়ে গেল, ওমনি ওর পিঠে দুটো পাখা গজায়। সারাদিন শুধু খেলা আর খেলা। একদম বই নিয়ে বসে না। গরমের ছুটিতে কত হাতের লেখা দিয়েছে, সে সব কিছু করেনা। সারাদিন শুধু রাস্তায় রাস্তায় খেলে বেড়ায়। আমি এই ছেলেকে মানুষ করতে পারবা না, এই বলে দিলাম।’ দিদিমা লম্বা ফিরিস্তি দিয়ে চলেছেন।

বিশুর বাবা থাকে ভিন রাজ্যে। ন মাসে ছ মাসে দেখা হয়। মা ও চাকরি করে। তাই ঠিক হয়েছে বিশু দাদু দিদিমার কাছে থাকবে। দাদুর বাড়িতে বিশেষ লোকজন কেউ নেই। দাদু থানায় চলে গেলে দিদিমা বাড়িতে একা। তারা ভেবেছিলেন ভালোই হল। নাতিটা সঙ্গে থাকলে দিদিমারও একটু সময় কাটবে। কিন্তু সে ছেলে যে দিনে দিনে এত দুষ্ট হয়ে উঠবে তা তারা বুঝতে পারেনি মোটে।

দাদুর দশাশই চেহারা। ইয়া মোটা পৌফ। চোর বদমায়েশদের কী করে ডান্ডা মেরে ঠান্ডা করতে হয় দাদু ভালোই জানেন। কিন্তু অনেক শাসন করেও এই নাতিটাকে তিনি কিছুতেই বাগে আনতে পারছেন না। এ যেন তার পুলিশি জীবনের সবথেকে বড় আক্ষেপ। রোজ রোজ কিছু না কিছু নালিশ শুনতেই হয় তাঁকে। পরশু দল বেঁধে রেললাইনের ওপর দিয়ে ছোট্টাছুটি করেছে, কাল ঝিলের জলে এক ঘন্টা ধরে সাঁতার কেটে চোখ লাল করেছে, আজ পাশের বাড়ির খাঁচা খুলে ওদের পোশা ময়না উড়িয়ে দিয়েছে। এইসব একটার পর একটা নালিশ লেগেই আছে নিত্যদিন।

আজকে দাদু ঝুলি থেকে একটা নতুন দাওয়াই বের করলেন। দুপুরে খাওয়া দাওয়া সেরে খানিক বিগ্রাম নিয়ে আবার ডিউটিতে যাওয়ার সময় হাঁক দিলেন, ‘এই শালা বিশে, কোথায় গেলি এদিকে আয়’।

যতই দুষ্টমি করুক, বিশু যে আসলে দাদুর আদরের নাতি! তাই দাদু তাকে ঠাট্টা করে ‘শালা বিশে’ বলে ডাকে। আসলে পুলিশি মেজাজের আড়ালে দাদু যে বেশ রসিক মানুষ তা বিশু বিলক্ষন জানে। তাই দাদুকে ভয় পেলেও বিশু কোথাও একটা আঙ্কারাও উপভোগ করে মনে মনে।

দাদু এখন বাড়িতে, তাই বিশু ভাল ছেলের মত বই নিয়ে বসেছিল মাদুরের ওপরে। দাদুর ডাক শুনে কাছে আসে। দিদিমা অমনি বলে ওঠেন, ‘আহা কেমন চুপটি করে দাঁড়িয়ে আছে দেখনা, যেন কিছুই জানেনা।’

বিশুর মনে মনে দিদিমার ওপর খুব রাগ হয়। কিন্তু সে চুপ করে দাঁড়িয়েই থাকে। দাদুর সামনে টু শব্দটিও করেনা।

আজ কিন্তু দাদু মোটেই বকাবকি করলেন না। শুধু বললেন, ‘বই খাতা নিয়ে আমার সঙ্গে চলা।’ দাদুকে কিছু জিজ্ঞাসা করার সাহস বিশুর নেই। চুপচাপ বই খাতা নিয়ে দাদুর পিছন পিছন হাঁটা দিল পোশা বিড়ালের মত। দাদু ওকে সোজা থানায় নিয়ে এসে হাজতে ঢুকিয়ে তালা বন্ধ করে দিয়ে ওপার থেকে বললেন, ‘স্কুল না খোলা অবধি এখন কদিন দুপুরে এখানেই থাকতে হবে। সারা দুপুর এখানে বসে হাতের লেখা কর। বিকেলে আবার আমার সাথে বাড়ি যাবি।’

২

বিশু একেবারে হতভম্ব। দাদু যে তাকে হাজতে ভরে দেবে তা সে কল্পনা করতে পারেনি। মনে মনে ভাবতে লাগল সত্যি সত্যিই কি সে আজ একটু বেশি দুষ্টমি করে ফেলেছিল!

ধোপাপাড়ার ছেলেদের সাথে মিলে কেন যে আমড়া গাছে টিল মারতে গেল! আমড়া গাছটা রেলওয়ে কেবিনের একদম গায়ে। একটা টিল সোজা গিয়ে লাগল কেবিনের কাচের জানলায়। দুম করে কাচটা গেল ভেঙে। কেবিনের সভাগভা লোকটা ‘কে রে? কে রে? কে টিল মারলি?’ বলতে বলতে তেড়ে এসেছিল। ভাগ্যিস ওরা ততক্ষণে চম্পট দিয়েছিল। তা না হলে কপালে ছিল উত্তম মধ্যম। তারপর লোকটা ওদের ঘরে এসে দিদিমার কাছে নালিশ করে গেছে। তারই ফল এখন এই হাজত বাস।

কী আর করা। জেলখানার মেঝেতেই অগত্যা বসে গরমের ছুটির হাতের লেখা করতে হবে। বিশু সেই ব্যবস্থাই করতে যাচ্ছিল, হঠাৎ নজরে পড়ল হাজতঘরটার এক কোণে দুজন প্যাংলা মত লোক ওকে অবাক হয়ে দেখছে। লোকদুটির পরনে চেক চেক লুঙ্গি। গায়ে ঢিলেঢালা জামা। মুখ ভর্তি খোঁচা খোঁচা দাড়ি। মুখোমুখি হতে লোক দুজন খ্যাক্ খ্যাক্ করে খানিকটা হেসে নিল। তারপর বিশুর মুখের দিকে সর্কোতুকে তাকিয়ে রইল ড্যাভ ড্যাভ করে। বিশুও পুলিশের নাতি! ওর বুঝতে অসুবিধে হল না যে এরা চোর। হাজতে চোরের গল্প তো দাদুর কাছে অনেকবার শুনেছে ও। এবার স্বচক্ষে দেখছে। একজন ওকে উদ্দেশ্য করে বলল, 'এই বয়সেই হাত পাকাতে শুরু করেছে চাঁদু? কাদের দলে কাজ করা হয়?'

বিশু পাল্টা বলল, 'তার মানে?'

অপরজন বলল, 'আবার মানে জিজ্ঞাসা করা হচ্ছে? বয়স তো মনে হচ্ছে বারো পার হয়নি। এর মধ্যেই লাইনে নেমে পড়েছ গুরু?'

বিশু বলল, 'আমি চোর নই।'

চোর দুজন আবার খ্যাক্ খ্যাক্ করে হাসতে লাগল। তারপর হাসি থামিয়ে একটু ধমকের সুরেই বলল, 'না তুই চোর না? সাধু? চুরি না করলে তোকে এমনি এমনি পুলিশ ধরে হাজতে ভরেছে? সাফ সাফ জবাব দে কী চুরি করেছিস?'

বিশু বলল, 'বারবার তোমরা আমাকে কেন চোর বলছ? বলছিনা আমি চোর নই।'

প্রথম চোর আবার বলল, 'তুই চোর না তো কী, লাট সাহেবের নাতি?'

বিশু এবার রেগে গিয়ে বলল, 'আমি পুলিশের নাতি। আমি দুষ্টুমি করেছি তাই দাদু আমাকে হাজতে ভরেছে। বিকেলেই আবার বাড়ি নিয়ে যাবো। আবার যদি আমাকে চোর বলো দাদুকে বলে দেব। তোমাদের কী করে দেখবো।'

এই কথা শুনে চোর দুজন বেশ ঘাবড়ে গেল। তারা থানা-পুলিশ অনেক দেখেছে কিন্তু এমন কথা কস্মিনকালেও শোনেনি। কী হতে কী হয় ভেবে তারা নিরাশ হয়ে ঘরের কোণে বসে পড়ল। বিশুও এবার নিজের কাজ নিয়ে বসল। গরমের ছুটির হোমোয়ার্ক কিছুই করা হয়নি। মন দিয়ে হাতের লেখা করতে শুরু করল।

বিকেল বেলা ডিউটি শেষ হলে দাদুর হাত ধরে বিশু বাড়ি ফিরল সেদিনের মত।

৩

দেখতে দেখতে আজ দশদিন হল। স্কুল খুলতে আর মাত্র চার দিন বাকি। বিশুর এখন রোজই অনেকটা সময় কাটে হাজতে। ওর অবশ্য মজাই হচ্ছে থানার হাজতে। চোরদের সাথে বেশ ভাব জমে গেছে। ওদেরকে বিশু কাকু বলে ডাকে। চোরকাকুদেরও এই ছোট্ট দুষ্টু ছেলেটার সাথে গল্প করতে ভালোই লাগে। গরমের ছুটির পড়ার মাঝে মজার মজার গল্প বলে ওরা। আবার ওর দুষ্টুমির কথা শুনে তারাও খুব হাসাহাসি করে।

সেদিন এক চোরকাকু ওকে বলল, ‘বিশু আমার একটা কাজ করে দিবি?’

বিশু অবাক হল। হাজতের মধ্যে চোরদের আবার কী কাজ থাকতে পারে!

তারপর সেই চোরকাকুটা ওর কানের কাছে মুখ নিয়ে এসে ফিসফিস করে বলল, ‘একটা ছোট্ট কাজ করতে হবে। করবি বল। তোকে লজেম্‌স্‌ খাওয়ার পয়সা দেব।’

বিশু ভয়ে ভয়ে বলল, ‘কী কাজ?’

চোর কাকু কানের কাছে দু হাত জড় করে বলল, ‘তুই তো রোজ বিকেলে বেরতে পারিস। আজ বিকেলে বেরিয়ে ওই সামনের দোকান থেকে এক বাস্তিল লাল সুতোর বিড়ি এনে দিবি।’ এই বলে চোরকাকু একটা দু টাকার নোট ওর প্যান্টের পকেটে ঢুকিয়ে দিল।

সেদিন বিকেলে দাদু বিশুকে হাজত থেকে বের করে একটা বেঞ্চি দেখিয়ে বলল, ‘এখানে চুপ করে বস। আমি পোশাকটা ছেড়ে আসছি।’

দাদু পোশাক পাল্টানোর জন্যে কোথায় গেল কে জানে। বিশু সেই ফাঁকে থানার সবার চোখ এড়িয়ে পাশের দোকান থেকে এক বাস্তিল লাল সুতোর বিড়ি কিনল। দোকানদারকে দু টাকার নোট দিতে দোকানদার ওকে আট আনা ফেরৎ দিল। বিশু তাড়াতাড়ি সেই বিড়ির বাস্তিল আর খুচরো আট আনা চোরকাকুকে গরাদের এপাশ থেকে হাত বাড়িয়ে এগিয়ে দিল। চোরকাকু বিড়ির বাস্তিলটা নিয়ে আটাআনা ওকে ফিরিয়ে দিয়ে ফিসফিস করে বলল, এটা দিয়ে লজেম্‌স্‌ খাবি। বিশু ওই পয়সা দিয়ে বাড়ির কাছের বিল্লদার দোকান থেকে লজেম্‌স্‌ কিনে মহানন্দে তারিয়ে তারিয়ে খেতে লাগল। দাদুর চোখ ফাঁকি দিয়ে প্রায়ই চোরকাকুদের জন্যে বিড়ি কিনে দেওয়া আর তার বিনিময়ে লজেম্‌স্‌ পাওয়া - এ যেন বিশুর কাছে এক নতুন মজার চোর পুলিশ খেলা।

8

দুপুরে খাওয়ার পরে দাদু উঠানে মাদুর পেতে একটু গড়িয়ে নেয়। আবার খানিক পরে ডিউটিতে বেরতে হবে তো। আর এই সময় রোজ ডাক পড়ে বিশুর, ‘এই শালা বিশে, কোথায় গেলি, এদিকে আয়।’ বিশু গুটিগুটি আসে দাদুর কাছে। সে জানে এখন কী করতে হবে তাকে। দাদুর মাথার কাছে বসে পাকা চুল তুলতে হবে। দূরে ঝিলের পাশে বড় শিরিশ গাছটায় সরু সরু সুতোর মত পাপড়ি মেলে ফুটে আছে অজস্র সাদা সাদা শিরিশ ফুল। সবুজ আভা যুক্ত সেই শিরিশফুলের মিষ্টি গন্ধ বসন্তের বাতাসের সাথে ফুরফুর করে এদিকেই ভেসে আসছে। এই হাওয়াটাই যত নস্টের গোড়া। এই হাওয়াটাই তো ওকে ডাক দেয় সারা দুপুর ধরে টো-টো করে ঘুরে বেড়াতে।

আর মাত্র তিনদিন ছুটি। তারপরেই বিশুর স্কুল খুলবে। তখন তো আর দুপুরে খেলতেই পারবে না। আহা এখন যদি একটু খেলতে পারত। ঐ তো ধোপাপাড়ার ছেলেরা কেমন রেললাইনের ওপর খেলা করছে। স্পষ্ট দেখা যায়। লাইনের ওপরে পা রেখে দু হাত দুপাশে মেলে দিয়ে শরীরটাকে ব্যালেন্স করে হেঁটে যাচ্ছে ওরা। লাইন থেকে পা নিচে পড়ে গেলে হবে না। এই ভাবে কে কতদূর চলতে পারে। সেটাই খেলার শর্ত।

আর ঐ বাচ্চা ছেলোটো কি সুন্দর ছোটছোট পাথরগুলো রেলের লাইনে পেতে রাখছে! একটু পরেই যখন ট্রেন আসবে ঐ পাথর গুলোর ওপর দিয়ে, তখন ভারি মজা হবে! ভুট ভাট আওয়াজ হবে আর পাথরগুলো গুঁড়ো হয়ে একদম ধুলো হয়ে যাবে। বিশু একবার একটা গোটা অধুলি রেখেছিল রেললাইনে। তার ওপর দিয়ে ট্রেন যাওয়ার পর সেটা কেমন চ্যাপটা হয়ে গিয়েছিল। বিশু সেই অধুলিটা রেখে দিয়েছে। মাঝে মাঝে স্কুলের বন্ধুদের দেখায়। দিদিমা কেন যে দাদুর কাছে এই সব কথা বলে দেয়!

ভাবতে ভাবতে বিশু বিষন্ন মুখে দাদুর পাকা চুল তুলতে থাকে। তুলতে তুলতে একসময় দেখে দাদু অল্প অল্প নাক ডাকতে শুরু করেছে। চোখ দুটি তার বুজে এসেছে প্রায়। এইবার দৌড়ে গিয়ে ওদের সাথে একটু খেলে এলে কেমন হয়! বিশু আঙুলে আঙুলে উঠে পড়ে। এক পা এক পা করে সরে যেতে থাকে দাদুরের কাছ থেকে। এইবার সোঁ করে ছুট দিতে যাবে, দাদু নাক ডাকা বন্ধ করে এক হাঁক দিল ‘এই শালা বিশু, কোথায় গেলি এদিকে আয়া!’। বিশু আবার গুটিগুটি দাদুর মাথার কাছে এসে বসে। শুখনো মুখে আবার শুরু হয় পাকা চুল তোলা।

আরও কিছুক্ষন পরে দাদু উঠে বসে বললেন, ‘চল এবার তৈরি হয়ে নো’ বিশু বই খাতা বগলে চেপে বেরিয়ে পড়ল থানার উদ্দেশ্যে।

৫

আজ হাজত বাসের শেষ দিন। কাল থেকে স্কুল খুলবে। আর দাদু বিশুকে থানায় নিয়ে আসবে না। বিশুও মনে মনে ঠিক করেছে এখন থেকে আর বেশি দুষ্টুমি করবে না সে। মন দিয়ে পড়াশোনা করে দিদিমাকে দেখিয়ে দেবে। কেউ আর ওর নামে দাদুর কাছে নালিশ করতে পারবে না। দু পাতা হাতের লেখা বাকি ছিল। আজ হাজতের মধ্যে বসে সেগুলো সম্পূর্ণ করে ফেলল সে।

বিশু কাল থেকে আর আসবেনা, সে কথা ইতিমধ্যে চোরকাকুরা জেনে গেছে। ওদেরও মন খারাপ। যে চোরকাকু ওকে রোজ বিড়ি আনতে বলে, সে বলল, ‘আজ আর আমার জন্যে তোকে বিড়ি আনতে হবে না রে। আজ আমারও ছুটি।’

বিশু বলল, ‘তাই নাকি, সে তো খুব ভাল কথা।’ তারপর বিশু আর একজনের দিকে ফিরে জিজ্ঞাসা করল, ‘কাকু তোমার কবে ছুটি হবে?’

সে একটা দীর্ঘনিঃশ্বাস ফেলে বলল, ‘কে জানে! আমাকে বোধহয় এত সহজে ছাড়বে না রে। ছোটবেলায় বড়দের কথা শুনিনি। তোর মত ভালো করে পড়াশোনা করিনি। আমাকে তো কেউ ভাল বাসে না। ভাল কাজ দেয়না। তাই পেটের দায়ে চুরি করি। এখন আমাকে জেলেই থাকতে হবে। তুই মন দিয়ে পড়াশোনা করবি। বড়দের কথা শুনবি। দেখিস তুই একদিন অনেক বড় হবি।’

চোরাকার জন্যে বিশুর খুব দুঃখ হল। ও বলল, ‘আমি দাদুকে বলব যেন তাড়াতাড়ি তোমাকে ছেড়ে দেয়।’

আজ দাদু একটু আগেই বিশুকে হাজতঘর থেকে বের করে আনলেন। থানার বাইরে এসে বললেন, ‘আজ আমার একটু কাজ আছে। আমার বাড়ি যেতে দেবি হবে। আজ তুই একলা একলা বাড়ি চলে যা। আর হ্যাঁ, মনে রাখবি এখন তুই অনেক বড় হয়ে গেছিস। নিজের দায়িত্ব নিজে নিতে শিখে গেছিস। সাবধানে দেখে শুনে রেললাইন পার হবি। রাস্তায় একদম দুষ্টি করবি না।’

থানার সামনেই রেলস্টেশন। প্ল্যাটফর্মের পিছনের রাস্তা ধরে বিশু আজ একাই প্ল্যাটফর্মটা পার হয়ে গেল। এবার দুদিকে ভাল করে দেখে রেললাইনও সে পার করে নিল। এই প্রথম সে রেললাইন পার হয়ে একা একা বাড়ি ফিরছে। যে রেললাইনের ওপর খেলার জন্যে বিশু কত বকাই না খেয়েছে, আজ দাদু নিজেই তাকে সেই রেলপথ টপকে একলা বাড়ি যাওয়ার বিধান দিয়েছে। বিশু মনে মনে আজ নিজেকে একদম স্বাধীন মনে করতে পারছে।

রেললাইনটা টপকে ঝাঁদিকে লাইন বরাবর ইটের রাস্তা বিশুদের পাড়ায় ঢুকে গেছে। বিশু সেই পথেই ধীরে ধীরে বাড়ির দিকে যাচ্ছিল। হঠাৎ দেখল ধোপা পাড়ার একটা পুঁচকে ছেলে রেল লাইনের ওপর পাথর নিয়ে খেলছে। বিশু ছেলেটার হাত ধরে লাইন থেকে নামিয়ে আনতে গেল। শিশুটি নামতে চায়না, ‘আমি খেলব, আমাকে ছেড়ে দাও, আমি খেলব’ বলে ওর হাত ছাড়ানোর চেষ্টা করতে লাগল। বিশু শক্ত করে ওর হাতটা চেপে ধরে বলল, ‘বোকা ছেলে ঐ দ্যাখ, দূরে ট্রেন আসছে।’

তবুও শিশুটি কথা শুনতে চাইছিল না। বিশু তাকে আদর করে রাস্তায় সরিয়ে আনল। আর তখনই ঐ লাইন দিয়ে জোরসে জুইশল বাজিয়ে বামবামবাম করে চলে গেল বারুইপুর লোকাল। বিশু এবার শিশুটির হাত ধরে পাড়ার দিকে চলতে চলতে বলল, ‘চল তোকে একটা গল্প বলব।’ শিশুটি ওর মুখের দিকে চেয়ে বলল, ‘কিসের গল্প বলবে?’

বিশু বলল, ‘চোর আর পুলিশের গল্প।’

শিশুটি এবার মনযোগ দিয়ে গল্প শুনতে শুনতে বিশুর হাত ধরে ঘরের দিকে চলতে লাগল।

পিছনে প্রায় তিরিশ গজ দূরে পুলিশদাদুর সন্ধানী চোখে তখন খুশির বিলিক।

----সমাপ্ত----